গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০২.২১-৭১

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮
১১ জুলাই ২০২১

বিষয়: **২০১৯-২০২০ আর্থিক সনের নিরীক্ষার অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এর উপর ব্রডশীট ফরমে অনুচ্ছেদভিত্তিক সন্তোষজনক জবাব টিএমইডি-তে প্রেরণ।**

সূত্র: শিক্ষা অডিট অধিদপ্তরের স্মারক নং- ৮২.১৬.০০০০.১০৫.০১.০০২.২১-২৬; তারিখঃ ২৮.০৬.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০১৯-২০২০ আর্থিক সনের নিরীক্ষার (Audit Inspection Report {AIR}) টিএমইডিতে পাওয়া গেছে।

০২. তন্মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন ০২টি প্রকল্পের ২০১৯-২০২০ সনের নিরীক্ষা ১৫.১১.২০২০ হতে ০৪.০৩.২০২১ খ্রি. তারিখ সময়ে সম্পন্ন করে ২২টি অনুচ্ছেদের সমন্বয়ে একটি নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রতিবেদনের অনুচ্ছেদ ০১-১২ পর্যন্ত মোট ১২ (বার)টি অনুচ্ছেদকে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে এবং অনুচ্ছেদ ১৩-২১ পর্যন্ত মোট ০৯ (নয়)টি অনুচ্ছেদকে সাধারণ (Non-SFI) হিসেবে চিহ্নিত করা হয়েছে মর্মে বিবেচ্যপত্র উল্লেখ করা হয়েছে। নিম্নের ছকের মাধ্যমে আপত্তিগুলোর বিস্তারিত উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | AIR অনুচ্ছেদ নং ও অর্থ বছর | আপত্তির শিরোনাম | সংস্থা/প্রতিষ্ঠানের নাম | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য/নির্দেশনা (টিএমইডি,র) |
|---|---|---|---|---|---|
| ০১. | ০১ ২০১৯-২০২০ | নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও চুক্তি অনুযায়ী লিকুইডেটের ডেমেজ বাবদ (এলডি) ১,৭৩,৫২,০৭১ (এক কোটি তিয়াত্তর লক্ষ বায়ান্ন হাজার একাত্তর) টাকা আরোপ করা হয়নি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১,৭৩,৫২,০৭৩/- | আগামী ২৬.০৭.২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ সন্তোষজনক জবাব টিএমইডি-তে প্রেরণ করার অনুরোধ করা যায়। |
| ০২. | ০২ ২০১৯-২০২০ | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ লঙ্ঘন করে কার্য সম্পাদন জামানত এর মেয়াদ বৃদ্ধি না করে ঠিকাদারকে অনিয়মিতভাবে টাকা পরিশোধ | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৬,৭৩,১৯,৯২৯/- | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩. | ০৩<br>২০১৯-২০২০ | সরকারি নির্দেশনা অমান্য করে সাধারণ বীমা কর্পোরেশন হতে ইন্সুরেন্স কভারেজ না করায় বীমা পলিসি ও ভ্যাটসহ সরকারের রাজস্ব ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১,৯০,৬৬,৬৬২/- | ঐ |
| ০৪. | ০৪<br>২০১৯-২০২০ | যথাসময় নির্মাণ করা শুরু না করার পর দীর্ঘদিন অতিবাহিত হওয়া সত্ত্বেও ঠিকাদারের পারফমেন্স সিকিউরিটির ব্যাংক গ্যারান্টি বাতিল পূর্বক নগদায়ন করা হয়নি। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১,৭৬,০৬,৯৭৪/- | ঐ |
| ০৫. | ০৫<br>২০১৯-২০২০ | পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিওকিউ/প্রাক্কলন অপেক্ষা অতিরিক্ত কাজ দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১,০৪,৯৯,৬৭৫/- | ঐ |
| ০৬. | ০৬<br>২০১৯-২০২০ | প্রি-কাস্ট পাইলিং এ ড্রাইভিং অপেক্ষা অতিরিক্ত কাস্টিং প্রদর্শন করে ঠিকাদারি বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৩১,৭৭,০০০/- | ঐ |
| ০৭. | ০৭<br>২০১৯-২০২০ | ভিত্তিতে মাটি ভরাট কাজ হতে ফাউন্ডেশন ট্রেন্স খননে প্রাপ্ত মাটি বাদ না দেয়ায় ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১৫,৪২,৬৬৭/- | ঐ |
| ০৮. | ০৮<br>২০১৯-২০২০ | সাইড ডেভলপোমেন্ট কাজে মাটি ভরাটের অংশ হতে ভবনের ক্ষেত্রফল বাদ না দেয়ার ফলে ঠিকাদারকে টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৮৭,০৬,২৯৮/- | ঐ |
| ০৯. | ০৯<br>২০১৯-২০২০ | অনুমোদিত নকশায় Foundation trench এ স্যান্ড ফিলিং উল্লেখ না থাকা সত্বেও কাজ করিয়ে এমবিতে মাপ রেকর্ড করে বিল পরিশোধ করায় সরকারের অতিরিক্ত ব্যয়। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৫০,১৮,৮৯০/- | ঐ |
| ১০. | ১০<br>২০১৯-২০২০ | অনুমোদিত নক্সায় উল্লেখ থাকা সত্ত্বেও বেসফুটিং এর ১২, ১৬ ও ২০ এমএম ডায়া রড হতে Clear Cover বাদ না দিয়ে/কম বাদ দিয়ে মাপ গ্রহণ করে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ২২,৪৭,৭৭৫/- | ঐ |
| ১১. | ১১<br>২০১৯-২০২০ | আরসিসি (১:১.৫:৩) প্রি-কাষ্ট পাইলের ড্রাইভিং Length বেশি দেখিয়ে এমবিতে মাপ রেকর্ড করে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৮,৪০,০০০/- | ঐ |
| ১২. | ১২<br>২০১৯-২০২০ | রেইট সিডিউল অপেক্ষা বেশি দরে Pile Shoe এর মূল্য ঠিকাদারকে পরিশোধ করায় সরকারের ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৬,৭১,৫২০/- | ঐ |
| ১৩. | ১৩<br>২০১৯-২০২০ | বাজার দর যাচাই না করে অপেক্ষাকৃত অতিরিক্ত মূল্যে এমএসরড ও আসবাবপত্র সরবরাহ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৫৬,৭৭,৫৭৩/- | ঐ |
| ১৪. | ১৪<br>২০১৯-২০২০ | প্রি-কাষ্ট পাইল কাষ্টিং এ পাইলসু এর অংশ বাদ না দেয়া এবং অতিরিক্ত গভীরতায় ড্রাইভিং দেখানোর ফলে অতিরিক্ত পরিশোধ। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১০,৪১,৮৫৩/- | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫. | ১৫<br>২০১৯-২০২০ | ঠিকাদার কর্তৃক নির্মাণ আইটেমের টেস্ট রিপোর্ট প্রদান না করায় টেস্ট ফি বাবদ সরকারের রাজস্ব ক্ষতি। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৫,৬৪,০০০/- | ঐ |
| ১৬. | ১৬<br>২০১৯-২০২০ | কলামের আরসিসি ঢালাই কাজে ডিজাইন অনুযায়ী টি বীমের অংশ বাদ না দিয়ে অতিরিক্ত পরিমাপ প্রদর্শন করে ঠিকাদারকে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৩,৯৯,৪০০/- | ঐ |
| ১৭. | ১৭<br>২০১৯-২০২০ | বিভিন্ন আরসিসি ঢালাই কাজে ব্যবহৃত রডের আয়তন বাদ না দিয়ে অতিরিক্ত আরসিসি মূল্য ঠিকাদারকে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১৯,৯১,২১৫/- | ঐ |
| ১৮. | ১৮<br>২০১৯-২০২০ | প্রি-কাস্ট পাইলিং এ কাস্টিং অপেক্ষা অতিরিক্ত ড্রাইভিং প্রদর্শন করে ঠিকাদারী বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১,৮৯,৬০০/- | ঐ |
| ১৯. | ১৯<br>২০১৯-২০২০ | একই প্রকল্পে একই জাতীয় কাজে পূর্বের ঠিকাদার জনাব মোঃ নূর হোসেনকে বিভিন্ন আরসিসি কাজে অপেক্ষাকৃত অধিক চুক্তি মূল্য প্রদর্শন করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৭০,৯২,৪৪৫/- | ঐ |
| ২০. | ২০<br>২০১৯-২০২০ | অনুমোদিত নকশায় না থাকা সত্ত্বেও বাদ দেওয়া মিরর পলিশ টাইলস পুনরায় এমবিতে মাপ গ্রহণ করে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১৩,৩৬,৫০০/- | ঐ |
| ২১. | ২১<br>২০১৯-২০২০ | পরিমাপ বহিতে ভুল গণনা করে ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>ও<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৫০,৪৭,৯৬২/- | আগামী ২৬.০৭.২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ সন্তোষজনক জবাব টিএমইডি-তে প্রেরণ করার অনুরোধ করা যায়। |
| | | | মোট = | ১৭,৭৩,৯০,০০৯/- | |

০৩. উপরিউক্ত ছকে বর্ণিত আপত্তিগুলোর (গুরুতর আর্থিক অনিয়ম [SFI] ও সাধারণ আর্থিক অনিয়ম [Non-SFI]) অডিট ইন্সপেকশন রিপোর্টের উপর ব্রডশীট ফরমে অনুচ্ছেদভিত্তিক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা-তে প্রেরণের কথা বলা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব পাওয়া না গেলে আপত্তিগুলো মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয়ের বার্ষিক অডিট রিপোর্টে অন্তর্ভূক্তির নিমিত্তে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মেও পত্রের মাধ্যমে জানানো হয়েছে)।

০৪. বর্ণিতাবস্থায়, উল্লিখিত আপত্তিগুলোর অডিট ইন্সপেকশন রিপোর্টের উপর ব্রডশীট ফরমে অনুচ্ছেদভিত্তিক সন্তোষজনক জবাব (প্রমাণকসহ) আগামী ২৬.০৭.২০২১ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৪২ (একশত বিয়াল্লিশ) পাতা।

১১-৭-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

বিতরণ :
১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১০০০।
২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ
(৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০২.২১-৭১/১

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮
১১ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য
৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ
৫) উপসচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯) অফিস, কপি।

১১-৭-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব